

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২, পুরাতন এলিফ্যান্ট রোড
ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০
কর্মসংস্থান শাখা-১

নং-৪৯.০০.০০০০.১০১.১১.০০৭.১৫

তারিখ : ১৫-০৩-২০১৮ খ্রিঃ।

বিষয় : ইরাকের NOAH Co General Trading কোম্পানীতে ৬৯ জন (উনসত্তর) জন কর্মীর নিয়োগানুমতি প্রদান সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে রিক্রুটিং এজেন্সী আল নাহিন ম্যানপাওয়ার সার্ভিসেস লিমিটেড (আরএল-১২৫৮) কর্তৃক আবেদনের প্রেক্ষিতে ইরাকের NOAH Co General Trading কোম্পানীতে Formen পদে ৩ জন, Cook ৩ জন এবং General Labor ৬৩ জনসহ সর্বমোট ৩+৩+৬৯= (উনসত্তর) জন কর্মীর নিয়োগানুমতি নিম্নেবর্ণিত শর্তে নির্দেশক্রমে জ্ঞাপন করা হ'ল :

| কোম্পানীর নাম | পদের নাম | কর্মী সংখ্যা | বেতন (মাসিক) | অন্যান্য সুবিধাদি |
|-------------------------|---------------|----------------|--------------|--|
| NOAH Co General Trading | Formen | ০৩ (তিন) জন | ৫০০ US \$ | থাকা, খাওয়া, যাতায়াত এবং চিকিৎসা ফ্রি; চুক্তির মেয়াদ- ০২ বছর কর্মঘন্টা- ০৮ ঘন্টা, সপ্তাহে ৪৮ ঘন্টা বিমান ভাড়া- একপথ ফ্রি; চাকুরির অন্যান্য শর্তাবলী ইরাকের শ্রম আইন অনুযায়ী প্রযোজ্য হবে। |
| | Cook | ০৩ (তিন) জন | ৪৫০ US \$ | |
| | General Labor | ৬৩ (তেষাতি) জন | ৪০০ US \$ | |

মোট ০৩+০৩+৬৩=৬৯ (উনসত্তর) জন

শর্তাবলী :

- প্রতি ফ্লাইটে রিক্রুটিং এজেন্সীর একজন প্রতিনিধি কর্মীদের সাথে ইরাক যাবেন অথবা ইরাক বিমান বন্দরে কর্মীদের গ্রহণ করার জন্য রিক্রুটিং এজেন্সীর একজন প্রতিনিধিকে আবশ্যিক ভাবে উপস্থিত থাকতে হবে।
- প্রত্যেক গ্রুপে বাংলাদেশী কর্মী ইরাকে পৌঁছার পর রিক্রুটিং এজেন্সী অত্র মন্ত্রণালয়, বিএমইটি এবং ইরাকস্থ বাংলাদেশ দূতাবাসে প্রতিবেদন দাখিল করবে।
- বহির্গমন ছাড়পত্র ইস্যু করার পূর্বে নির্বাচিত প্রত্যেক কর্মীর সাথে নিয়োগ চুক্তি স্বাক্ষর করতে হবে।
- বহির্গমন ছাড়পত্র প্রদানের পূর্বে বিএমইটিতে চাহিদা পত্র/ক্ষমতা পত্র ও অন্যান্য কাগজপত্রের মূলকপি/ছায়ািলিপি দাখিল করতে হবে। বিএমইটি প্রাসঙ্গিক তথ্যাদি ও কাগজপত্র যাচাইপূর্বক ছাড়পত্র প্রদান করবে।
- চুক্তিপত্রের কোন শর্ত লঙ্ঘন হলে অথবা কর্মীরা সংশ্লিষ্ট কোম্পানীতে চাকুরী না পেলে অথবা কর্মীকে প্রস্তাবিত বেতন-ভাতা ও অন্যান্য সুযোগ-সুবিধা না দেয়া হলে সংশ্লিষ্ট রিক্রুটিং এজেন্সীকে কর্মীর থাকা খাওয়ার খরচ ও প্রত্যাবাসন ব্যয়সহ কর্তৃপক্ষ কর্তৃক আরোপিত ক্ষতিপূরণ প্রদানে বাধ্য থাকবে মর্মে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প অঙ্গীকারনামা দাখিল করতে হবে।
- কর্মীদের প্রত্যেককে ইরাকের বর্তমান পরিস্থিতি সম্পর্কে অবহিত হয়ে স্বেচ্ছায় ইরাক গমন করছেন মর্মে ৩০০/= (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প অঙ্গীকার ও ঘোষণা পত্র দাখিল করতে হবে।
- কর্মীর ভিসা এবং ফ্লাইট নিশ্চিত হওয়া সাপেক্ষে রিক্রুটিং এজেন্সী কর্তৃক অভিবাসন ব্যয় বাবদ ১,২৯,৫৪০/- (এক লক্ষ উনত্রিশ হাজার পাঁচশত চল্লিশ) টাকা কর্মীর নিকট হতে চেক/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে গ্রহণ করা যাবে এবং কোনক্রমেই অতিরিক্ত অর্থ গ্রহণ করা যাবে না।
- চাকুরির শর্তাবলী ইরাকের শ্রম আইনের বিধানের সাথে সঙ্গতিপূর্ণ হতে হবে।
- এ নিয়োগ সম্পন্ন করে অত্র মন্ত্রণালয়কে অবহিত করতে হবে।
- বিমান ভাড়াসহ অন্য কোন ফি প্রযোজ্য না হলে তা কর্মীর উপর বার্তাবে না।
- দক্ষতা ভিত্তিক কর্মী প্রেরণের ক্ষেত্রে সংশ্লিষ্ট দক্ষতার বিষয়টি পরীক্ষান্তে নিশ্চিত হয়ে Smart Card ইস্যু করতে হবে।
- মূল চাহিদাপত্র ও ক্ষমতাপত্রের Attestation-এর বিষয়টি বিএমইটি সতর্ক পরীক্ষা করবে।

স্বাঃ

(মো: আখতারুজ্জামান)

উপসচিব

ফোন : ০২৪-৮৩২২৫১৯


মহাপরিচালক

জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো

৮৯/২, কাকরাইল, ঢাকা-১০০০।

অনুলিপি : সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে-

১. যুগ্মসচিব (মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৩. কাউন্সেলর (শ্রম), বাংলাদেশ দূতাবাস, বাগদাদ, ইরাক।
৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬. অতিরিক্ত সচিব (কর্মসংস্থান) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭. ব্যবস্থাপনা পরিচালক, আল নাহিন ম্যানপাওয়ার সার্ভিসেস লিমিটেড, ৬২/১, পুরানা পল্টন লেন, (৩য় তলা), কাকরাইল, ঢাকা।
৮. অফিস কপি।


(মো: আখতারুজ্জামান)
উপসচিব
ফোন : ০২৪-৮৩২২৫১৯